



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/৬৩২/মানিক/১৫২

তারিখ : ০৪/০২/২০২২

বিষয় : কারণ দর্শানো জবাব প্রসঙ্গে।

- সূত্র : (১) রিট পিটিশন নং- ২৯০/২০১৮, তারিখ- ১৯/০৩/২০১৮ এর আদেশ।  
 (২) বোর্ডের ০৫/০৩/২০১৯ তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত।  
 (৩) বোর্ডের ২৩/০৪/২০১৯ তারিখের ৭৮৭ নং পত্র।  
 (৪) রিট পিটিশন নং- ১১৬৮৯/২০১৯, তারিখ- ০৩/১১/২০১৯ এর আদেশ।  
 (৫) বোর্ডের ০৪/০৩/২০২০ তারিখের ২৪০০ নং পত্র।  
 (৬) বোর্ডের ১৫/০৯/২০২১ তারিখের ৪৯২ নং পত্র।  
 (৭) জেলা শিক্ষা অফিসার, মানিকগঞ্জ-এর ৩০/০৫/২০২১ তারিখের স্মারক নং- ৩৭.০২.৫৬০০.০০০.৪৩.০০১.২১-৬৩০।  
 (৮) বোর্ডের ০৬/০৯/২০২১ তারিখের ঢাশিবো/বি/৬৩২/মানিক/২৭৯৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, সূত্রোক্ত ১ ও ৪নং পত্রে উল্লিখিত মহামান্য হাইকোর্টের রিট পিটিশন এর আদেশ, ৭নং পত্রের মাধ্যমে প্রেরিত জেলা শিক্ষা অফিসার, মানিকগঞ্জ-এর তদন্ত প্রতিবেদন এবং ২নং পত্রে বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত মোতাবেক ৩, ৫ ও ৬নং পত্রের মাধ্যমে বিভিন্ন দফায় বিদ্যালয়ের সহকারী শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ রাহেনুর ইসলাম-কে স্বপদে পুনর্বহালসহ তার প্রাপ্য বকেয়া বেতন-ভাতাদি পরিশোধের জন্য পত্র ইস্যু করা হলেও বিদ্যালয় কর্তৃপক্ষ এ বিষয়ে প্রয়োজনীয় কোন পদক্ষেপ গ্রহণ করেনি। যা মহামান্য হাইকোর্টের/বোর্ডের আদেশ নির্দেশ অমান্য করার শামিল।

এমতাবস্থায়, বিদ্যালয়ের সহকারী শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ রাহেনুর ইসলাম-কে প্রাপ্য বকেয়া পরিশোধসহ স্বপদে পুনর্বহাল না করার কারণে কেন আপনার বেতন-ভাতা (এমপিও) বন্ধের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট সুপারিশ করা হবে না- তা স্মারক ইস্যুর ১০ (দশ) দিনের মধ্যে সুস্পষ্ট কারণ ব্যাখ্যা করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।

প্রাপক : প্রধান শিক্ষক

রাজিবপুর বহুমুখী উচ্চ বিদ্যালয়  
পোঃ- কৃষ্ণপুর, উপজেলা- সদর  
জেলা- মানিকগঞ্জ।

মেমো নং- ১৫২ (৭)

তারিখ : ০৪/০২/২০২২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, সদর, মানিকগঞ্জ।
- ৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, মানিকগঞ্জ।
- ৬। সভাপতি, এডহক কমিটি, রাজিবপুর বহুমুখী উচ্চ বিদ্যালয়।
- ৭। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।

০৬/০২/২০২২